UZ

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 12 JUL 1995
পৃষ্ঠা ২ কলাম ৮

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

## বিএড কোর্সে ভর্তির শর্ত

দেশের শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়গুলিতে বি এড কোর্সে ভর্তির শর্তসমূহের একটি হইতেছে, ভর্তিচ্ছু শিক্ষককে তাহার বিদ্যালয়ের মূল "রেজেলিউশন বই" সাক্ষাৎকার বোর্ডের সামনে দাখিল করিয়া প্রমাণ করিতে হইবে যে, বিদ্যালয় পরিচালনা পরিষদ প্রকৃতই তাহাকে প্রশিক্ষণকালীন ছুটি দিতে সম্মত আছেন। উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট কোন তথ্য প্রমাণের জন্য শিক্ষকদের কোন মূল দলিল বা খাতা কোথাও পাঠাইতে হয় না, সত্যায়িত অনুলিপি পাঠাইলেই চলে। অথচ বি, এড কোর্সে ভর্তি হইতে হইলে মূল রেজেলিউশন বই-এর প্রয়োজন পড়িতেছে কেন তাহা আমরা বুঝিতে পারি না। বিদ্যালয়ের সর্বাপেক্ষা মূল্যবান এ বইখানি একজন সহকারী শিক্ষককে (অনেক সময় দূরাগত) কয়েক দিনের জন্যে দেওয়া হইবে কাহার দায়িত্বে ? এই শর্তটি সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে পুনরায় বিবেচনা করিতে অনুরোধ করিতেছি।

—কাজী ফয়জুর রহমান, প্রধান শিক্ষক, হাট দারিয়াপুর সম্মিলনী মাধ্যমিক বিদ্যালয়, ডাক সাচিলাপুর, মাগুরা।